

💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১১১) কবর থেকে পুনরুত্থানকে অম্বীকার করবে তার হুকুম কি?

উত্তরঃ যে ব্যক্তি কবর থেকে পুনরুত্থানকে অস্বীকার করবে, সে আল্লাহ্ তাআলা, তাঁর কিতাবসমূহ এবং রাসুলদেরকে অস্বীকারকারী কাফের। আল্লাহ্ তাআলা বলেনঃ

وَقَالَ الَّذِينَ كَفَرُوا أَئِذَا كُنَّا تُرَابًا وَآبَاؤُنَا أَئِنَّا لَمُخْرَجُونَ

"কাফেরেরা বলেঃ আমরা এবং আমাদের বাপ-দাদারা মৃত্তিকায় পরিণত হয়ে গেলেও আমাদেরকে পুনরুখিত করা হবে"? (সূরা নামলঃ ৬৭) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

وَإِنْ تَعْجَبْ فَعَجَبٌ قَوْلُهُمْ أَئِذَا كُنَّا تُرَابًا أَئِنَّا لَفِي خَلْقٍ جَدِيدٍ أُولَئِكَ الَّذِينَ كَفَرُوا بِرَبِّهِمْ وَأُولَئِكَ الأَغْلاَلُ فِي أَعْنَاقِهِمْ وَأُولَئِكَ أَصْحَابُ النَّارِ هُمْ فِيهَا خَالِدُونَ

"আপনি যদি বিস্মিত হন, বিস্ময়ের বিষয় তাদের কথাঃ মাটিতে পরিণত হওয়ার পরও কি আমরা নতুন জীবন লাভ করব? তারা তাদের প্রতিপালককে অস্বীকার করেছে। তাদের গলদেশে থাকবে লৌহ শৃঙ্খল। তারাই জাহান্নামী। তারা সেখানে চিরকাল থাকবে"। (সুরা রা'দঃ ৫) আল্লাহ তাআ'লা আরও বলেনঃ

زَعَمَ الَّذِينَ كَفَرُوا أَنْ لَنْ يُبْعَثُوا قُلْ بَلَى وَرَبِّي لَتُبْعَثُنَّ ثُمَّ لَتُنَبَّؤُنَّ بِمَا عَمِلْتُمْ وَذَلِكَ عَلَى اللَّهِ يَسِيرٌ

"কাফেররা ধারণা করে যে, তারা কখনও পুনরুত্থিত হবে না। আপনি বলুনঃ আমার প্রতিপালকের শপথ! নিশ্চয়ই তোমাদেরকে পুনরুত্থিত করা হবে। অতঃপর তোমাদের কৃতকর্ম সম্পর্কে তোমাদেরকে অবহিত করা হবে। আর এটা আল্লাহর পক্ষে অতি সহজ?। (সূরা মুমিনঃ ৭) এছাড়াও রয়েছে আরো আয়াত।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর বলেনঃ আল্লাহ্ তাআলা বলেছেনঃ

(كَذَّبَنِي ابْنُ آدَمَ وَلَمْ يَكُنْ لَهُ ذَلِكَ وَشَتَمَنِي وَلَمْ يَكُنْ لَهُ ذَلِكَ فَأَمَّا تَكْذِيبُهُ إِيَّايَ فَقَوْلُهُ لَنْ يُعِيدَنِي كَمَا بَدَأَنِي وَلَمْ يَكُنْ لَهُ ذَلِكَ فَأَمَّا تَكْذِيبُهُ إِيَّايَ فَقَوْلُهُ اتَّخَذَ اللَّهُ وَلَدًا وَأَنَا الْأَحَدُ الصَّمَدُ لَمْ أَلِدْ وَلَمْ أُولَدْ وَلَمْ أُولَدْ وَلَمْ يَكُنْ لِي كُفْئًا أَحَدٌ)

"আদম সন্তান আমাকে মিথ্যা প্রতিপন্ন করেছে। অথচ তার এরকম করার অধিকার নেই। আদম সন্তান আমাকে গালি দেয়। অথচ তার এরকম করার অধিকার নেই। আমাকে মিথ্যা প্রতিপন্ন করার অর্থ এই যে, সে বলে থাকে আল্লাহ্ আমাকে প্রথমবার যেভাবে সৃষ্টি করেছেন, দ্বিতীয়বার সেভাবে সৃষ্টি করতে পারবেন না। অথচ দ্বিতীয়বার সৃষ্টি করার চেয়ে প্রথমবার সৃষ্টি করা আমার পক্ষে অধিক সহজ ছিল না। আর আমাকে গালি দেয়ার অর্থ এই যে, তার কথাঃ আল্লাহ্ পুত্র সন্তান গ্রহণ করেছেন। অথচ আমি একক ও অমুখাপেক্ষী। আমি কাউকে জন্ম দেই নি এবং আমাকেও কেউ জন্ম দেয়নি। আর আমার সমতুল্য কেউ নেই"।[1]



ফুটনোট

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুত্ তাফসীর।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11925

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন